তারিখ ... 0 5 MAR 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# বিদ্যালয় ভবন নির্মাণে রডের বদলে বাঁশ

■ লোহাগড়া (নড়াইল) প্রতিনিধি

নড়াইলের লোহাগড়া উপজেলার ২৯নং নোয়াগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণে রডের বদলে বাঁশ ব্যবহার করে পিলার ও ছাদ নির্মাণ করায় এখন তা ফেটে বাঁশ বের হয়ে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। বাঁশ দিয়ে নির্মাণকাজ করার বিষয়টি দৃশ্যমান হওয়ায় এলাকায় তোলপাড় শুরু হয়েছে।

গত শনিবার বিদ্যালয়ে গিয়ে জানা গেছে, ২০০২-০৩ সালে ২৯নং নোয়াগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন একটি ভবন নির্মাণ করা হয়।

ওই ভবন নির্মাণে নোয়াগ্রামের ছাপা ও নাজির নামে দুই ব্যক্তি ঠিকাদার ছিলেন। ভবন নির্মাণের সময় তারা রডের পাশাপাশি বাঁশ ব্যবহার করেন। সম্প্রতি বিদ্যালয় ভবনের পিলারের ঢালাই ও প্লাস্টার খসে বাঁশের অংশবিশেষ বের হলে বিষয়টি এলাকাবাসীর নজরে আসে।

নির্মাণকাজে রডের বদলে বাঁশ ব্যবহার করায় ভবনের ছাদসহ বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে। যে কোনো সময় ধসে পড়তে পারে ভবনটি। আতঙ্ক আর ঝুঁকি নিয়ে ওই ভবনেই চলছে দেড় শতাধিক কোমলমতি শিক্ষার্থীর পাঠদান।

প্রধান শিক্ষক কাজী রবিউল ইসলাম জানান, বিদ্যালয় ভবনের ছাদে ফাটল ও ভবনের পিলারে বাঁশ বের হওয়ার ঘটনাটি সত্য। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। লোহাগড়া উপজেলা প্রকৌশলী ওসমান গণী জানান, 'ভবনের ওই অংশে বাঁশ ব্যবহার করা হলেও অন্য কোনো অংশে বাঁশ ব্যবহার হয়ে না থাকলে ভবনটি ঝুঁকিপূর্ণ হবে না।'



পিলারে রডের পরিবর্তে ব্যবহার করা হয়েছে গাছ ■ সমকাল

এদিকে বিদ্যালয় ভবন নির্মাণকাজে দুর্নীতি করার বিষয়টি তদন্ত করে সংশ্লিষ্ট ঠিকাদার ও তদারককারী প্রকৌশলীসহ কাজের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন অভিভাবক ও এলাকাবাসী।